

দেশভাগের অভিঘাত সমাজের সর্বত্র সমান নয়। সামাজিক বৈষম্যের কারণে স্বাধীনতার সুযোগ ও ক্ষমতার সুষম বন্টন এমনিতেই সহজসাধ্য ছিল না। দেশভাগ তাকে আরও প্রলম্বিত করেছে। বন্যার জল যেমন উচ্চভূমিকে অল্পে নিষ্কৃতি দিয়ে নিম্নভূমিকেই প্লাবিত করে ও সেখানেই দীর্ঘ আসন পাতে, বাংলা ভাগের পরিণামেও আমরা তারই প্রতিফলন দেখতে পাই। শ্রমজীবী নিম্নবর্গীয় সমাজকেই দেশভাগের গরল অধিক পান করতে হয়েছে। মতুয়া জনগোষ্ঠীর ইতিহাস অনুসন্ধান করলে সেই সত্যকে আরও নিবিড় ভাবে অনুধাবন করা যায়।

দ্বিজাতি তত্ত্বের যে ভিত্তি ও লক্ষ্য - সূক্ষ্ম বিচারে অন্ত্যজ সমাজকে তার কোনও ভাগেই ফেলা যায় না। সামাজিক অবস্থান ও ক্ষমতায়নের দিক থেকে তাঁরা নিজেদের তৃতীয় মনে করেছেন। মুসলিম সমাজ ও বর্ণবিভক্ত হিন্দু সমাজ উভয়ের কাছে তাঁরা 'অপর'। ১৯৪৭-এর বাংলাভাগ এই শ্রেণীর মানুষের জীবন প্রবাহই শুধু বদলে দেয়নি, তাঁদের ভাষা, সংস্কৃতি ও জীবনবোধের উপরেও নিয়ে এসেছে প্রবল অভিঘাত। স্বদেশের স্বাধীনতার প্রয়োজনে তাঁদের ত্যাগ করতে হয়েছে যতটা, প্রাপ্তির ভাগ সে তুলনায় নগণ্য।